

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১১২৪

৮/ সিয়াম

পরিচ্ছেদঃ সওমে বিসাল, অর্থাৎ একাদিক্রমে দুই বা ততোধিক দিন ধরে বিনা পানাহারে সিয়াম রাখা হারাম

আরবী

وَعَنِ ابنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ: نَهَى رَسُولُ اللهِ عَلَيْهِ عَنِ الوصالِ قَالُوا: إِنَّكَ تُواصِلُ ؟ قَالَإِنِّي لَسْتُ مِثْلَكُمْ إِنِّي أُطْعَمُ وَأُسْقَى متفق عَلَيْهِ وهذا لفظ البخاري

বাংলা

(১১২৪) ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সওমে বিসাল রাখতে নিষেধ করলেন। লোকেরা নিবেদন করল, আপনি তো সওমে বিসাল রাখেন? তিনি বললেন, (এ বিষয়ে) আমি তোমাদের মতো নই। আমাকে (আল্লাহর পক্ষ থেকে) পানাহার করানো হয়।

*(অর্থাৎ, এ ব্যাপারে আমি তোমাদের মতো নই। এতে যে কস্ট তোমরা পাবে, আমি পাব না। কারণ মহান আল্লাহ আমাকে পানাহার করান। সুতরাং এ সিয়াম আল্লাহর রসূলের জন্য নির্দিষ্ট, অন্যের জন্য তা বৈধ নয়।)

ফুটনোট

(বুখারী ১৯৬২, মুসলিম ২৬১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন